

## 💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতে সর্বপ্রথম প্রবেশকারী ব্যক্তি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতে সর্বপ্রথম প্রবেশকারী ব্যক্তি

জান্নাতে সর্বপ্রথম যিনি প্রবেশাধিকার লাভ করবেন, তিনি হলেন সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী মুহাম্মাদ (ﷺ) আর উম্মতসমূহের মধ্যে সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবে তারই উম্মত। এ হল মহান আল্লাহ কর্তৃক প্রদত্ত বিশেষ সম্মান।

মহানবী (ﷺ) বলেন, "আমি সর্বপ্রথম জান্নাতের দরজায় করাঘাত করব। ...আমিই জান্নাতে প্রথম সুপারিশকারী হব।" (মুসলিম ১৯৭নং)

তিনি আরো বলেন, "আমি জান্নাতের নিকট এসে তার দরজা খুলতে বলব। দারোয়ান ফিরিশ্তা বলবেন, কে আপনি? আমি বলব, 'মুহাম্মাদ। দারোয়ান বলবেন, আমি আদিষ্ট হয়েছি, যেন আপনার পূর্বে অন্য কারো জন্য দরজা না খুলি।" (ঐ)

তিনি আরো বলেন, "আমরা (দুনিয়ায়) সর্বশেষে এসেছি, (আখেরাতে) সর্বপ্রথম কিয়ামতে উপস্থিত হব এবং আমরাই সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করব।" (বুখারী ২৩৮, মুসলিম ৮৫৫নং)

এ উম্মতের মধ্যে সর্বপ্রথম যে দলটি জান্নাতে প্রবেশ করবে, তা হল মুহাজিরীনের। (সিঃ সহীহাহ ৮৫৩নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12156

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন